



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
জেলা শিল্পকলা একাডেমি সিলেট  
[shilpakala.sylhet.gov.bd](http://shilpakala.sylhet.gov.bd)



স্মারক নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.৪৮.০০১.১৯.২০৬


তারিখ : ২২ কার্তিক ১৪৩০  
০৭ নভেম্বর ২০২৩

বিষয় : লিটল ম্যাগাজিন প্রকাশনার লক্ষ্যে লেখা আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিল্প-সাহিত্য, বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল চর্চার বিকাশে লিটল ম্যাগাজিন তথা ছোটকাগজ চর্চা অত্যন্ত তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে থাকে। জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে সিলেট জেলার বিশিষ্ট কবি, লেখক, গবেষক, শিশু-কিশোর, নারী ও প্রবীণসহ সকল পর্যায়ের লেখকগণের মানসম্পন্ন লেখা নিয়ে লিটল ম্যাগাজিন 'সুরমাকপোত' এর ১ম ও ২য় সংখ্যা ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। এরই ধারাবাহিকতায় লিটল ম্যাগাজিন 'সুরমাকপোত' এর ৩য় সংখ্যা প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, লিটল ম্যাগাজিনে প্রকাশনার লক্ষ্যে সমাজ, সাহিত্য ও দর্শন, ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতি, সমসাময়িক, আত্মকথা, প্রবন্ধ, অনুবাদ, ছোটগল্প, কবিতা ও ছড়া বিষয়ক মানসম্পন্ন লেখা আগামী ০৭ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ইমেইলে ([sylhet@shilpakala.gov.bd](mailto:sylhet@shilpakala.gov.bd)) SutonyMJ ফন্টে Word File আকারে অথবা লেখকের স্বাক্ষরসহ সরাসরি জেলা শিল্পকলা একাডেমিতে প্রেরণ / জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, লেখা নির্বাচনের ব্যাপারে সম্পাদনা পর্যদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
(অসিত বরন দাশ গুপ্ত)  
জেলা কালচারাল অফিসার  
সিলেট  
ফোন : ০২৯৯৬-৬৩৪৮২৮  
[sylhet@shilpakala.gov.bd](mailto:sylhet@shilpakala.gov.bd)

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।

  
(অসিত বরন দাশ গুপ্ত)  
জেলা কালচারাল অফিসার  
সিলেট